



ফোন নং : (০৩৮১) ২০২ ৩৩৫৫  
২০২ ২৯১২

# ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলাসমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

স্মারক নং :

তারিখ :

ত্রিপুরা মহিলা কমিশন

(১)

ত্রিপুরা মহিলা কমিশন এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ছাত্র-ছাত্রীদের নিয়ে কর্মশালা

ভারতীয় সংবিধানে নারী ও পুরুষের সমানত্বিকার খোঁজিত হয়েছে সত্য কিন্তু দীর্ঘ বছরগুলির অভিজ্ঞতায় আমরা দেখি ও জানি যে আইন নিয়ে মেয়েদের জন্য যে অধিকার নিশ্চিত করা হয়েছে বাস্তবে তার প্রয়োগ খুবই দুর্বল। এই পুরুষের মেয়েরা নিজেরা বর্তমান সময়ে আইন প্রয়োগের ক্ষেত্রে দুর্বলতা থাকবে কেন সে প্রশ্নে জোবদার প্রশ্ন তুলতে শুরু করেছে। তাই আজ, আইন মেয়েদের কি করে দেখবে তাই শুধু নয়, মেয়েরা আইনকে কিভাবে দেখবে সেটিও আমাদের জানা প্রয়োজন।

এই পরিপ্রেক্ষিতে ত্রিপুরা মহিলা কমিশন এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উইমেন স্টাডি সেল-এর যৌথ উদ্যোগে গত ১২ সেপ্টেম্বর ২০০৯ 'জেডার ডাসটিস্ নিশ্চিতকরণ' বিষয়ে একদিনের একটি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটির উদ্বোধক ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য। উপস্থানী অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা এবং উইমেন স্টাডি সেল-এর কনভেনার ডঃ চন্দ্রিকা বসু মজুমদার। কর্মশালাটির উদ্দেশ্য এবং তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন ত্রিপুরা মহিলা কমিশনের সভানেত্রী ডঃ তপতী চক্রবর্তী। জেডার ডাসটিস্ বাস্তবে প্রয়োগের অভিজ্ঞতা নিয়ে মনোজ্ঞ আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা পরিবারিক অসালতের মাননীয় কিারক সীদাতামোহন জামতিয়া। আমন্ত্রিত অতিথিরা ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অধ্যাপক/অধ্যাপিকা, প্রশিক্ষক কর্মীবৃন্দ, বিশিষ্ট সমাজকর্মীগণ এবং এনজিও প্রতিনিধিবর্গ। এই কর্মশালার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশগ্রহনকারীরা ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের দুশা জন ছাত্রছাত্রী।

অনুষ্ঠিত কর্মশালাটির প্রধান উদ্দেশ্য ছিল জেডার ডাসটিস্ বিষয়টি কি এক কিভাবে তা নিশ্চিতকরণ সম্ভব এসম্পর্কে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সচেতন করা। কর্মশালার কার্যকরী অধিবেশনে জেডার ডাসটিস্ বিষয়ে তত্ত্বমূলক বক্তব্য রাখেন

স্বাক্ষরিত  
সচিব  
মেলাসমাঠ-১০০১  
ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫  
২৩২ ২৯১২

# ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলায়মাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

অধ্যাপিকা মীনাকী সেন বন্দোপধ্যায়, এছাড়া, উপজাতি সমাজে জেডসি নিয়ে আলোচনা করেন শ্রীরূপক সেবনাথ। ছাত্র-ছাত্রীদের উৎসাহবাজক অংশগ্রহণ কর্মশালাসিক অত্যন্ত প্রাণবন্ত করে তোলে। মহিলা কমিশনের কাছে তারা বিষয়ের উপর নানাবিধ প্রশ্ন করেন। কমিশনের পক্ষ থেকে তাদের সমস্ত প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করেন কমিশনের সভানেত্রী ডঃ তপতী চক্রবর্তী, সহ-সভানেত্রী শ্রীমতী শিউলী দেববর্মা ও সদস্য শ্রীমতী অসিতা শর্মা সেন। কার্যকরী অধিবেশনে সম্মানক ছিলেন ডঃ চন্দ্রিকা বসু মজুমদার। কিভাবে জেডসি সূনিশ্চিত করা যায় তা নিয়ে ছাত্রছাত্রীদের অনুসন্ধিৎসা এবং অসংখ্য প্রশ্ন খুবই প্রশংসার দাবী রাখে। বেলা ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত আলোচনার পরেও অনেক ছাত্র-ছাত্রীর উত্থাপিত অনেক প্রশ্নেরই উত্তর দেওয়া সম্ভব হয়নি সমর্যাতবে। ভবিষ্যতে এরকম আরও কর্মশালা করা হবে এই প্রতিশ্রুতি দিয়ে আলোচনা শেষ করতে হয়েছে।

(২)

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে কৈলাসপুরে দু'দিনের আইন সচেতনতা শিবির

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে পৌরনগর জেলা পরিষদ কনফারেন্স হলে ১৫ ও ১৬ সেপ্টেম্বর ২০০৯-এ নব নির্বাচিত বিত্তর পঞ্চায়েত প্রতিনিধিদের নিয়ে দু'দিনের একটি আইন সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা পরিষদের সভাপতিত্ব শ্রীমতী হসি ভট্টাচার্য তাঁর বক্তব্যের মাধ্যমে শিবিরটির উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন পৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীকৃষ্ণেন্দু গৌহরী এবং উত্তর ত্রিপুরার এডিএম শ্রী এস কে চাকমা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনের সভানেত্রী ডঃ তপতী চক্রবর্তী।

উত্তর ত্রিপুরার জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের ৯৩ জন নবনির্বাচিত প্রতিনিধি আইন সচেতনতা শিবিরে অংশ গ্রহণ করেন। কার্যকরী অধিবেশনে মেয়েদের অধিকার সম্পর্কিত আইনগুলি নিয়ে অত্যন্ত সহজ ভাষায় মনোজ্ঞ আলোচনা করেন সিনিয়র আইনজীবী শ্রীশঙ্কর পুরকায়স্থ । এছাড়া, সিনিয়র এপিপি শ্রীঅসীম

  
Anshu Bhattacharya  
Member Sec-1479  
Member - Council of the Women



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫  
২৩২ ২৯১২

# ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

ভট্টাচার্য্য , পুলিশের সার্কেল ইন্সপেক্টর শ্রীপ্রদীপ কুমার লস্কর, আরজিএম হাসপাতালের বিশিষ্ট চিকিৎসক শ্রীকপু সেন, আইনজীবী শ্রীমতী অর্চনা সিনহা, আইনজীবী শ্রীকামাল মহম্মদ মাসাফদার, কৈলাসহরের মহকুমা শাসক পারশানত্ কুমার, গৌরনগর ব্লকের বিডিও শ্রীসুধাংশু সরকার প্রমুখ তাদের জন্য নির্ধারিত বিষয়ের উপর আলোচনা করেন। শিবিরে উপস্থিত হয়ে বক্তব্য রেখেছেন উক্তর ত্রিপুরা জেলা পরিষদের সহ-সভাপতি শ্রীসম্মত কল্যাণ।

দু-দিনের শিবিরে অংশগ্রহনকারী নবনির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধিদের মধ্যে মেয়েদের সম্পর্কিত আইনগুলির বিষয়ে জানার আগ্রহ ছিল লক্ষ্য করার মত। তাঁরা বিভিন্ন প্রশ্নের মাধ্যমে বিশেষজ্ঞ আলোচকদের কাছ থেকে তাদের পঞ্চায়েতে মেয়েদের কিভাবে সুরক্ষা দিতে পারবেন সে বিষয়ে বিস্তারিত জানতে চান এবং উক্তর ত্রিপুরার বিভিন্ন স্থানে এরকম আরও শিবির সংগঠিত করার জন্য কমিশনের কাছে আবেদন রাখেন। সেদিক থেকে কর্মশালাটি ছিল খুবই সফল। শিবিরটির অয়োজনে সক্রিয়ভাবে সহযোগিতা করেছে কৈলাসহরের সমাজসেবী সংগঠন নজরুল সংঘ।

  
Anshu Mondal  
Member Secretary,  
Tripura Commission for Women